# দীর্ঘ ২৭ মাস পর মূল্যস্ফীতি ৯ শতাংশের নিচে নেমেছে




সংগৃহীত ছবি

দীর্ঘ ২৭ মাস পর দেশের সার্বিক মূল্যস্ফীতি ৯ শতাংশের নিচে নেমেছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সদ্য প্রকাশিত তথ্যে জানা গেছে, ২০২৫ সালের জুন মাসে দেশের পয়েন্ট টু পয়েন্ট মূল্যস্ফীতির হার কমে দাঁড়িয়েছে ৮.৪৮ শতাংশে। এর আগে মে মাসে এই হার ছিল ৯.০৫ শতাংশ।

২০২৩ সালের মার্চ মাসে মূল্যস্ফীতি প্রথমবারের মতো ৯ শতাংশ ছাড়িয়ে যায় এবং এরপর থেকে টানা ৯ শতাংশের আশপাশেই ছিল। এই সময়ের মধ্যে ২০২৪ সালের জুলাই মাসে সর্বোচ্চ ১১.৬৬ শতাংশ মূল্যস্ফীতি রেকর্ড করা হয়।

আজ সোমবার (৭ জুলাই) বিবিএস জানায়, সদ্য সমাপ্ত ২০২৪-২৫ অর্থবছরে গড় মূল্যস্ফীতির হার দাঁড়িয়েছে ১০.০৩ শতাংশ, যা সরকারের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৬.৫ শতাংশের চেয়ে অনেক বেশি।

বিবিএসের তথ্য অনুযায়ী, জুন মাসে খাদ্য মূল্যস্ফীতি কমে হয়েছে ৭.৩৯ শতাংশ, যা মে মাসে ছিল ৮.৫৯ শতাংশ। অন্যদিকে, খাদ্য বহির্ভূত (নন-ফুড) মূল্যস্ফীতিও সামান্য কমে ৯.৩৭ শতাংশে দাঁড়িয়েছে, যা মে মাসে ছিল ৯.৪২ শতাংশ।